১০ নভেম্বর, ২০২৫

# মুন্সিগঞ্জে আধিপত্য বিস্তার নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে নিহত ১




সংগৃহীত ছবি

মুন্সিগঞ্জে সদরে মোল্লাকান্দি ইউনিয়নে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ হয়েছে। এসময় প্রতিপক্ষের গুলিতে আরিফ মীর নামের একজন নিহত হয়েছে।

আজ সোমবার ভোর ৭টার দিকে ইউনিয়নের চরডুমুরিয়া এলাকায় এঘটনা ঘটে। নিহত আরিফ চর ডুমুরিয়া এলাকার খবির মীরের ছেলে। এ ঘটনায় আরও ১জন গুলিবিদ্ধসহ বেশ কয়েকজন আহত হয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে এলাকায় জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আতাউর রহমান মল্লিক ও এলাকার ইউনিয়ন বিএনপি সাবেক সহ-সভাপতি আওলাদ হোসেন গ্রুপের বিরোধ চলমান ছিল। এই বিরোধকে কেন্দ্র করে সোমবার সকালে সমর্থকদের মধ্যে ককটেল বিস্ফোরণ ও গুলি বিনিময় হয়। এসময় আওলাদ গ্রুপের আরিফ মীর গুলিবিদ্ধ হয়ে আহত হয়। পরে তাকে উদ্ধার করে মুন্সিগঞ্জ জেনারেল হাসপাতালে পাঠালে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

এ বিষয়ে মুন্সিগঞ্জ জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. রুহুল আমিন বলেন, দুইজনকে গুলিবিদ্ধ অবস্থায় হাসপাতালে নিয়ে আসে স্থানীয়রা। এদের মধ্যে আরিফকে হাসপাতালে নিয়ে আসার আগেই মৃত্যু বরণ করে। অপরজনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে।

বিষয়টি নিশ্চিত করে মুন্সিগঞ্জ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম জানান, ঘটনার সংবাদ পেয়ে দ্রুত ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এলাকায় উত্তেজনা বিরাজ করছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।